



জেলা পরিষদ  
ফেনী।

[www.zpfeni.gov.bd](http://www.zpfeni.gov.bd)

স্মারক নং- জেপফে/সা:/বৃত্তি/১৯/২০১৭/

তারিখ: ১৮/০৪/২০১৭ খ্রি:

**এককালীন শিক্ষাবৃত্তি প্রদানের বিজ্ঞপ্তি**

বাংলাদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ( বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ কলেজসহ) এবং মেডিকেল কলেজে স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত ফেনী জেলার স্থায়ী বাসিন্দা মেধাবী ও গরিব ছাত্র-ছাত্রীদেরকে ফেনী জেলা পরিষদ হতে এককালীন শিক্ষাবৃত্তি প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তাধীনে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

**শর্তাবলী**

- ১। আবেদনকারী ছাত্র/ ছাত্রীদের অবশ্যই ফেনী জেলার স্থায়ী বাসিন্দা এবং সরকার কর্তৃক অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থী হতে হবে।
- ২। আবেদনকারীকে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে এবং আবেদন ফরম জেলা পরিষদ ফেনী এর ওয়েব সাইট [www.zpfeni.gov.bd](http://www.zpfeni.gov.bd) হতে সংগ্রহ/ ডাউনলোড করা যাবে।
- ৩। আবেদনের সাথে সংশ্লিষ্ট মেয়র/কাউন্সেলর/ইউ.পি. চেয়ারম্যান কর্তৃক অভিভাবকের বার্ষিক আয় সংক্রান্ত সনদ, সর্বশেষ পরীক্ষার নম্বরপত্রের সত্যায়িত কপি, সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি ছবি (শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত) এবং স্থায়ী বাসিন্দা সংক্রান্ত সনদ আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ৪। আবেদন ফরম শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের / বিভাগীয় প্রধানের সুপারিশ/মতামতসহ আগামী ২২/০৫/২০১৭ খ্রি: তারিখের মধ্যে অফিস চলাকালীন সময় পর্যন্ত ফেনী জেলা পরিষদে সরাসরি বা ডাকযোগে প্রেরণ করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সুপারিশ/বিভাগীয় প্রধানের সুপারিশ/মতামত ব্যতীত যে কোন আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ৫। আবেদনকারী কোন ভুল বা মিথ্যা তথ্য উপস্থাপন করলে বা অসম্পূর্ণ আবেদন দাখিল করলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ৬। কর্তৃপক্ষ উল্লেখিত শর্তসহ যে কোন শর্ত সংযোজন/ সংশোধন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

উল্লেখিত বৃত্তির বিষয়ে যাবতীয় তথ্যাবলী ফেনী জেলা পরিষদের অফিস হতে এবং জেলা পরিষদের ওয়েব সাইট- [www.zpfeni.gov.bd](http://www.zpfeni.gov.bd) থেকে জানা যাবে।

*(Handwritten signature)*

( আবু দাউদ মো: গোলাম মোস্তফা)  
প্রধান নির্বাহী কর্মকর্তা (অ:দা:)  
জেলা পরিষদ, ফেনী।  
ফোন: ০৩৩১-৬১৪০১  
E-mail: [ceo@zpfeni.gov.bd](mailto:ceo@zpfeni.gov.bd)

স্মারক নং- জেপফে/সা:/বৃত্তি/১৯/২০১৭/ ২৭৮(৫০)

তারিখ: ১৮/০৪/২০১৭ খ্রি:।